দৈনিক সংবাদ

তারিখ 03 NOV 1992
পৃষ্ঠা ১২ কলাম ৪

117

# ইডেন কলেজে অবিলম্বে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার দাবি

## ছাত্রীদের সমাবেশ

( নিজস্ব বার্তা পরিবেশক )

ইডেন কলেজের সাধারণ ছাত্রীদের সমাবেশের বক্তারা অবিলম্বে কলেজে শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার দাবি করেছেন।

গতকাল সোমবার সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে জিনাত আরার সভা-নেতৃত্বে অনুষ্ঠিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, অধ্যক্ষা পক্ষপাতমূলক আচরণ করছেন। সরকারী ছাত্র সংগঠনের ছাত্রীরা কলেজে সন্ত্রাস চালাচ্ছে। সরকারবিরোধী ছাত্র সংগঠনের ছাত্রী-কর্মীসহ সাধারণ ছাত্রীরা কলেজে ঢুকতে পারছে না।

সমাবেশে অবিলম্বে সাধারণ ছাত্রীদের কলেজ হোস্টেলে অবস্থানের পরিবেশ সৃষ্টি করার দাবি করা হয়।

সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ছাত্রলীগের (ম-ই) সভাপতি মইনুদ্দিন হাসান চৌধুরী, রুহুল কুদ্দুস বাবু প্রমুখ।

সমাবেশশেষে ছাত্রীরা বিক্ষোভ সহকারে শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দিতে গেলে পুলিশ সচিবালয়ের ৫ নম্বর গেটের সামনে বাধা দেয়। সেখান থেকে জিনাত আরা, খালেদা আক্তারের নেতৃত্বে ছাত্রীদের একটি প্রতিনিধিদল সচিবালয়ে গিয়ে শিক্ষামন্ত্রীর কাছে তাদের দাবির ব্যাপারে একটি স্মারকলিপি পেশ করে।